

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৬৪১৫

আগরতলা, ১৫ নভেম্বর, ২০২১

জাতীয় প্রেস দিবস উপলক্ষে মুখ্যমন্ত্রীর শুভেচ্ছা

জাতীয় প্রেস দিবস উপলক্ষ্যে মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব সংবাদ মাধ্যমের সম্পাদক, সাংবাদিক, সংবাদকর্মীসহ গণমাধ্যমের সাথে জড়িত সকলকে আন্তরিক শুভেচ্ছা জানিয়েছেন। শুভেচ্ছা বার্তায় মুখ্যমন্ত্রী বলেন, প্রতিবছর ১৬ নভেম্বর দিনটি জাতীয় প্রেস দিবস হিসেবে পালন করা হয়। ১৯৬৬ সালে এই দিনেই প্রেস কাউন্সিল অব ইন্ডিয়ায় যাত্রা শুরু হয়েছিল। এরপর থেকেই এক একটি ভিন্ন ভিন্ন ভাবনা নিয়ে প্রতিবছর জাতীয় প্রেস দিবস পালিত হয়।

গণতন্ত্রের অন্যতম ভিত্তি হচ্ছে গণমাধ্যম। গণতন্ত্রের ভিতকে শক্ত ও মজবুত রাখতে গেলে গণমাধ্যমের সার্বিক স্বাধীনতা আবশ্যিক। রাজ্য সরকার সাংবাদিক ও মিডিয়ার স্বাধীনতায় আন্তরিকভাবে বিশ্বাসী। এইসময়ের মধ্যেই মিডিয়ার বন্ধুরাসহ রাজ্যের মানুষ সেটা অনুভব করতে পেরেছেন।

জাতীয় প্রেস দিবসে আমার আবেদন থাকবে, সাংবাদিক ও মিডিয়ার সাথে সরকারের হৃদয়তাপূর্ণ যে পরিবেশ রয়েছে তাতে ত্রিপুরার উন্নয়নকে মানুষের কাছে পৌঁছে দিতে মিডিয়া ইতিবাচক ভূমিকা নেবে।
